

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৭.০১.০৪৬.২০-২৬৫(৯৭)

তারিখঃ ১৬ মাঘ ১৪২৬
৩০ জানুয়ারি ২০২০

বিষয় : দৈনিক যুগান্তর পত্রিকায় ০৮-০১-২০২০ তারিখে প্রকাশিত 'বন্দিদের হাতে স্মার্টফোন, কারাগার যেন উন্মুক্ত' শীর্ষক সংবাদ প্রসঙ্গে

সূত্র : (ক) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা-১ এর স্মারক নম্বর- ৫৮.০০.০০০০.০৮৪.২৭.০০৫.১৮-২৭
তারিখঃ ১৪-১-২০২০

(খ) কারা অধিদপ্তরের পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০৩.০৬৮.১৪- ২৬০৯(৭) তারিখঃ ১৪-১২-২০১৪


(গ) কারা অধিদপ্তরের পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০৩.০৬৮.১৭- ৫৩(৭) তারিখঃ ১০-১-২০১৭

কারাভ্যন্তরে বন্দিদের দ্বারা অবৈধভাবে মোবাইল ফোন ব্যবহার সংক্রান্ত বিষয়ে ০৮-০১-২০২০ তারিখের 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সূত্রোক্ত "ক" স্মারকের মাধ্যমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছেঃ-

- (ক) দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত "বন্দিদের হাতে স্মার্টফোন, কারাগার যেন উন্মুক্ত" শীর্ষক সংবাদের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নিরূপনপূর্বক অবহিতকরণ; এবং
- (খ) দেশের ৬৮টি কেন্দ্রীয় ও জেলা কারাগারসমূহে মোবাইল ফোন ব্যবহার না করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানপূর্বক এ বিভাগকে অবহিত করা।

২। উপরোল্লিখিত নির্দেশনা মোতাবেক কোন অবস্থাতেই কারাগারে আটক বন্দিরা যাতে অবৈধভাবে মোবাইল ফোন ব্যবহার করতে না পারে, সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো।

৩। এ বিষয়ে কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ আব্বার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক।
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd

অবগতি ও কার্যার্থেঃ

- ১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেলা সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি/পিআইইউ সেল, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৫। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতিঃ

সচিব

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ-অতিরিক্ত সচিব (কারা)।